

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫১৫(আগরতলা-৩১।১০)

ধর্মনগর, ৩১ অক্টোবর, ২০১৭।

ধর্মনগরে ভগিনী নিবেদিতার জন্ম সার্থ শতবার্ষিকী উদযাপিত

ভগিনী নিবেদিতার জন্ম সার্থ শতবার্ষিকী উপলক্ষ্যে গতকাল উত্তর ত্রিপুরা জেলা ভিত্তিক অনুষ্ঠান ধর্মনগর সরকারী উচ্চতর বালিকা বিদ্যালয়ে আয়োজিত হয়। জেলা শিক্ষা কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মানিক লাল নাথ। উদ্বোধকের ভাষণে তিনি ভগিনী নিবেদিতার জীবনাদর্শ তুলে ধরেন। অনুষ্ঠানে ভগিনী নিবেদিতার জীবনাদর্শ, নারী শিক্ষা, কুসংস্কার মুক্ত সমাজ গঠনে তার ভূমিকার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন ধর্মনগর পুর পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি প্রমোদ মালাকার, পন্ডিত ঈশ্বরচন্দ্র সন্মানে ভূষিত অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক গৌর গোপাল ব্যানার্জী, কবি মনু দাস প্রমুখ। স্বাগত ভাষণ রাখেন জেলা শিক্ষা আধিকারিক বরুণ দাস। অনুষ্ঠান উপলক্ষ্যে আয়োজিত কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে বিদ্যালয় পরিদর্শক সুজিত রুদ্র পাল, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ সহ ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

This document is a Smart PDF Converter product. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com